গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৪৫.২১- ৪৬৬

তারিখ : ০৮ কার্তিক ১৪২৮ / ২৪ অক্টোবর ২০২১

বিষয় : কমিটি গঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি অর্থবছর হতে স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বরাদ্দ প্রদান করা হবে। বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা, ২০২১ জারী করা হয়েছে। উক্ত নির্দেশিকায় যথাক্রমে (১) পরিকল্পনা কমিটি; (২) ওয়ার্ড কমিটি; (৩) দরপত্র মূল্যায়ন কমিটি; (৪) স্কিম সুপারভিশন কমিটি; (৫) উপজেলা পর্যায়ে ব্লক-গ্রান্ট কো-অর্ডিনেশন কমিটি ও (৬) জেলা পর্যায়ে জেলা সমন্বয় কমিটি গঠণের কথা উল্লেখ করা হয়েছে।

০২। ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুচারূভাবে সম্পাদনের লক্ষ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এ ১৩ টি স্থায়ী কমিটি গঠণের বিষয়ে উল্লেখ রয়েছে। কমিটিসমূহ যথাক্রমে: (১) অর্থ ও সংস্থাপন; (২) হিসাব নিরীক্ষা ও হিসাব রক্ষণ; (৩) কর নিরুপন ও আদায়; (৪) শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা; (৫) কৃষি, মৎস্য ও পশু সম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নমূলক কাজ; (৬) পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ, ইত্যাদি; (৭) আইন-শৃঙ্খলা রক্ষা; (৮) জন্ম-মৃত্যু নিবন্ধন; (৯) স্যানিটেশন, পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন; (১০) সমাজকল্যাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা; (১১) পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপন; (১২) পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ (পার্বত্য চট্টগ্রামের অদিবাসীদের জন্য প্রযোজ্য হইবে না); (১৩) সংস্কৃতি ও খেলাধুলা;। ইউনিয়ন পরিষদ নমুনা প্রবিধানমালা, ২০১৬ এ স্থায়ী কমিটিসমূহের গঠণ ও কার্যাবলী উল্লেখ রয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, ইউনিয়ন পর্যায়ে উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা, ২০২১, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এবং ইউনিয়ন পরিষদ নমুনা প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী তাঁর জেলাধীন ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে উপরে বর্ণিত কমিটিসমূহ গঠন ও কার্যকরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪।১০।২১

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

জেলা প্রশাসক (সকল)
------------------------জেলা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)---------------------------সকল জেলা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপজেলা নির্বাহী অফিসার-------------------------উপজেলা-----------------------জেলা।
৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান ----------------------ইউনিয়ন পরিষদ----------------উপজেলা------------------জেলা।
৮। অফিস কপি।